

## মুরাদনগর মডেল সর. প্রা. স্কুলের বেহাল দশা

প্রতিনিধি, মুরাদনগর (কুমিল্লা)

কুমিল্লার মুরাদনগর উপজেলা সদরে অবস্থিত মুরাদনগর মডেল সরকারি প্রথমিক বিদ্যালয়টি ৮ বছর ধরে বেহাল দশায় চলছে স্কুলের কার্যক্রম। যা দেখার যেন কেহ নেই। বিশেষ করে শ্রেণীকক্ষ সংকট হচ্ছে স্কুলটির প্রধান সমস্যা। জানা গেছে, গত ৮ বছর থেকে উপজেলার মডেল সরকারি প্রথমিক স্কুলটি নানান সমস্যায় জর্জরিত হয়ে ভেঙে পড়েছে স্কুলের সব কার্যক্রম। স্কুলটিতে শ্রেণী সংকটের কারণে, গত ৮ বছর থেকে মুরাদনগর ডিআর সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাসের ফাটল ভবন ও নোহোড়া পরিবেশে ৫টি রোম ব্যবহার করে কর্তৃপক্ষ বাধ্য হয়েই, চালিয়ে যাচ্ছে ৪র্থ শ্রেণীর ২৮১ জন ছাত্রছাত্রীর পাঠদানের কার্যক্রম। বিদ্যালয়টিতে শ্রেণী সংখ্যা ৯টি, শাখা ১৪টি ১২২২ জন শিক্ষার্থীদের নিয়ে শিক্ষক, শ্রেণীকক্ষ, খেলার মাঠ, টয়লেট ও আর্সেনিকমুক্ত পানির সংকটেই চালানো হচ্ছে পাঠদান। স্কুলটি প্রতিবছর ১০০% শিক্ষার্থী বিভিন্ন পরিক্ষায় পাসসহ প্রতিবছর পঞ্চম শ্রেণীতে ১০/১২ শিক্ষার্থী বৃত্তি পেয়ে যাচ্ছে। স্কুল সূত্রে জানা যায়, মডেল স্কুলে ২২ জন শিক্ষকের স্থলে রয়েছে ১৭ জন, প্রতি শ্রেণীতে শাখা রয়েছে ৫টি করে, প্রতি শ্রেণীতে ছাত্র সংখ্যা ৩০ জন থাকার স্থল রয়েছে ৪৫ জন। এ বিষয়ে মুরাদনগর মডেল সরকারি প্রথমিক স্কুলের প্রধান শিক্ষক মো: নিয়াস উদ্দিন সরকার জানান, উল্লেখিত বিষয়গুলো নিয়ে বেশ কয়েকবার কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হয়েছে। কিন্তু কোন কর্তৃপক্ষ কোন ক্ষুদ্র পরিমাণ সহযোগিতা ছাড়া। সমাপূর্ণভাবে সমাধানের ব্যবস্থা নেয়া হয়নি। উপজেলা শিক্ষা অফিসার এএনএম মাহাবুব আলম জানান, পুরাতন ২ তলা ভবনটি ভেঙে এ স্থানে ৪ তলা করার পরিকল্পনা রয়েছে। নতুন যে ভবনটি তৈরি করা হয়েছে তাকে ২য় তলা করার প্রস্তাব পাঠানো হয়েছে।